

## ছাত্র ও যুবদলের বাধা : রাজশাহী বিআইটি'র নিয়োগ পরীক্ষা পণ্ড

রাজশাহী স্মারক

বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি রাজশাহীর (বিআইটি) ৬টি গুরুত্বপূর্ণ পদে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ পরীক্ষা ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীদের বাধার কারণে পণ্ড হয়ে গেছে। ছাত্রদল, যুবদল এবং ওয়ার্ড কমিশনারদের কোটা না দেওয়ায় এই নিয়োগ পরীক্ষা তারা ভুল করে দেয়। এ ঘটনার পর

দুপুর ১টায় বিআইটির পরিচালক ড. কেরামত আলী অনিবার্য কারণ দেখিয়ে পরীক্ষা স্থগিত ঘোষণা করেন।

৩জুবার বিআইটির ৬টি পদে ৭৩ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ পরীক্ষা ছিল। এই নিয়োগে ২৫ নম্বর ওয়ার্ড কমিশনার তরিকুল ইসলাম পবু, মহাশয় ছাত্রদলের সভাপতি শফিকুল হক মিলন, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শামিক, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আনোয়ার হোসেন উজ্জ্বল পৃথকভাবে এই ৭৩টি পদের মধ্যে পরীক্ষা : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

### পরীক্ষা : বিআইটি

(শেষ পৃষ্ঠার পর)

কোটা দাবি করেন। বিআইটির পরিচালক ড. কেরামত আলী প্রাথমিকভাবে নেতৃবৃন্দকে কোটা দিতে রাজি হলেও তাদের দাবি বেশি হওয়ায় পরে তিনি কোটাতে অসম্মতি জ্ঞাপন করেন। ৩জুবার এই ৬টি পদের পরীক্ষা হওয়ার কথা ছিল। সূত্র মতে, পরীক্ষার নির্ধারিত সময়সূচি অনুযায়ী সকাল সাড়ে ৮টার দিকে পরীক্ষা দিতে আসা চাকরিপ্রার্থীরা বিআইটির মূল গেটে আসামাত্রই আগে থেকে ওং পেতে থাকা ছাত্রদল ক্যাডাররা তাদের ওপর হামলা চালায়। এতে টুটুল নামের একজন চাকরিপ্রার্থী ওরুতর আহত হন। এর কিছুক্ষণ পর পর সকাল পৌনে ৯টায় পরীক্ষা তরুর আগে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আনোয়ার হোসেন উজ্জ্বল, এনামুল, ডলার, রাশ্মনী, আজিবরসহ আরও কয়েকজন ছাত্রদল যুবদল নেতা পরিচালকের সঙ্গে সাক্ষাৎ করে পরীক্ষা স্থগিতের অনুরোধ করেন। এ সময় পরিচালক পরীক্ষা স্থগিত করতে অপারগতা প্রকাশ করলে মেয়র মিজানুর রহমান মিনু এমপি রাজশাহীতে ফিরে না আসা পর্যন্ত পরীক্ষা স্থগিত না করলে পরিণতি ভাল হবে না বলে হুমকি দিয়ে চলে আসেন। এরপর পরিচালক সরকারের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করে দুপুর ১টায় নোটিশ বোর্ডে অনিবার্য কারণ দেখিয়ে নিয়োগ পরীক্ষা স্থগিত ঘোষণা করেন। দুই দুপুর থেকে পরীক্ষা দিতে আসা চাকরিপ্রার্থী হস্তান্তর শিকার হয়েও কোন রকম প্রতিবাদ না করে ফিরে যান।